# হ্যান্ডআউট:ইন্টারনেটে অনুসন্ধানের সাধারন নিয়মাবলী:কৌশল

সূত্র: http://www.google.com/help/basics.html


প্রয়োজনীয় পদক্ষেপ:
গুগল নামের অনুসন্ধানদানকারী ওয়েবসাইট ব্যবহার করা খুবই সহজ। অনুসন্ধানকারী ব্যক্তি যা খুঁজছেন ঠিক সেটাই বোঝায় এমন উপযুক্ত শব্দ (এক বা একাধিক) শূণ্য ঘরে লিখে Google Search বোতামে একবার চাপ দিয়ে ছেড়ে দিন। অথবা কিবোর্ডে 'Enter' key একবার চাপ দিয়ে ছেড়ে দিন।




গুগল আপনার চাহিদা মোতাবেক অনুসন্ধান চালিয়ে ফলাফলসহ একটি ওয়েব পৃষ্ঠা প্রদর্শন করবে যেখানে অনুসন্ধানকারীর জন্য অনেক গুরুত্বপূর্ণ ওয়েবসাইটের ঠিকানা থাকবে। সবচেয়ে উপরে প্রদর্শিত ওয়েব ঠিকানা (লিংক) সর্বাধিক গুরুত্বপূর্ণ। তারপর কম গরুত্বপূর্ণ। গুরুত্বের দিক থেকে ফলাফল সমূহ উপর হতে নিচের দিকে ক্রমানুযায়ী সাজানো থাকে।

***নিম্নে কিছু উপায় দেয়া হলো যা অনুসন্ধানকারীকে সাহায্য করবে।***

**যথাযথ শব্দপুঞ্জ: Choosing search terms** – কাঙ্খিত বিষয়কে বর্ণনা করে এমন এক কিংবা একাধিক শব্দ নির্বাচিত করা।
হাওয়াই (আমেরিকান দ্বীপ)সম্পর্কে সাধারন বিষয় বা তথ্য জানার জন্য শুধু এর নাম লিখলেই চলবে। তবে হাওয়াই দ্বীপে ছুটি কাটানোর চিন্তা থাকলে ***vacation Hawaii*** লিখলে ***vacation*** বা ***Hawaii*** লেখার চাইতেও ভালো ফলাফল পাওয়া যাবে। এবং অনুসন্ধানকারী, গলফ পছন্দের খেলা হলে, ***vacation Hawaii golf*** লিখলে আরও নির্দিষ্ট করে সূক্ষাতিসূক্ষ ফলাফল পাওয়া সম্ভব।




সূক্ষ ও সুচিন্তিতভাবে, প্রাসঙ্গিক ও সুনির্দিষ্ট (specific) করে শব্দ নির্বাচন করার উপর সফল অনুসন্ধান নির্ভর করে।

সঠিক শব্দ নির্বাচনের ক্ষেত্রে সচেতন হউন। ***luxury hotels Maui*** এই শব্দপুঞ্জের চাইতে ***tropical island hotels*** শব্দপুঞ্জ ভালো ফলাফল দিবে। কেননা, গুগল আপনার নির্বাচিত শব্দপুঞ্জকে আদর্শ ধরেই ইন্টারনেটে সারাবিশ্বে খুঁজবে। তাই ***really nice places to spend the night in Maui*** শব্দগুলোর চাইতে ***luxury hotels Maui*** খুব সম্ভবত ভালো ফলাফল দিবে।

**বর্নাকৃতি: Capitalization -** কোন সমস্যা নয়। গুগল অনুসন্ধান কাজ কেস সেনসিটিভ নয়। বড় হাতের লেখা বা ছোট হাতের লেখা অথবা উভয়ের সংমিশ্রণ অনুসন্ধানে কোন বিরুপ প্রভাব ফেলেনা। উদাহরনস্বরুপ গুগল ***george washington***, ***George Washington***, এবং ***gEoRgE wAsHiNgToN*** এদের মধ্যে কোন পার্থক্য করেনা। অর্থাৎ প্রত্যেক ক্ষেত্রে ফলাফল একই হবে।

**OR সংক্রান্ত: "OR" search -** দুটোর মধ্যে যেকোন একটি সম্পর্কে জানার জন্য- যেমন হয় প্যারিস বা লন্ডনে ছুটি কাটাতে চাইলে OR (অবশ্যই বড় হাতের) লিখতে হবে।

vacation london OR paris | Google Search

**And সংক্রান্ত: Automatic "and" queries - And** শব্দটি অনুসন্ধানে কোন সাহায্য করেনা। শব্দটি মোটেও গুরুত্বপূর্ন নয়। অনুসন্ধানে ব্যবহৃত শব্দগুলো পর্যায়ক্রমে কিভাবে সাজানো থাকবে তা গুরুত্বপূর্ণ। উদাহরনস্বরূপ, হাওয়াই দ্বীপে ছুটি কাটাতে চাইলে ***vacation hawaii***. নির্বাচন করা বা লেখাই উত্তম।

vacation haw aii | Google Search

**অযথাই সাধারন শব্দের অপব্যবহার: Automatic exclusion of common words** -ওয়েবে কাঙ্খিত বিষয়টি বা তথ্যটি অনুসন্ধানের ক্ষেত্রে "where" and "how" ইত্যাদি সাধারন শব্দগুলো অযথা ব্যবহার করা উচিৎ নয়। এ শব্দগুলো অনুসন্ধানের ক্ষেত্রে সাহায্য করার চাইতে বরং ক্ষতিই করে। কাঙ্খিত ফলাফল পেতে বিলম্ব হয়। এই সাধারন শব্দ যদি অত্যাবশকীয় হয় তবে মূল শব্দের পর এক স্পেস (space) খালি জায়গা রেখে যোগ (+) চিহ্ন বসিয়ে সাধারন শব্দ দেয়া যায়। উদাহরনস্বরূপ, স্টার ওয়ারস নামে একটি সিনেমার প্রথম পর্ব সম্পর্কে খোঁজ নিতে চাইলে-

Star Wars Episode +I | Google Search

অন্য আরেকটি উপায় হলো খুব সাধারন শব্দ যেমন, মানুষের নাম, বই বা সিনেমার নাম অথবা "where are you" ইত্যাদি শব্দকে উদ্ধৃতি বা কোটেশন মার্কের মধ্যে রেখে অনুসন্ধান চালানো।

"Nasirullah Mohammad" | Google Search

শুধুমাত্র শব্দকেন্দ্রিক অনুসন্ধান চালাতে চাইলে কোটেশন মার্ক দিতে হবে। এর ফলে গুগল শুধুমাত্র ঐ নির্দিষ্ট শব্দটিকেই আদর্শ হিসাবে ধরবে এবং ঐ শব্দের সকল সমার্থক বা প্রাসঙ্গিক অর্থকে বর্জন করে শুধুমাত্র মূলশব্দ ধরে অনুসন্ধান চালাবে।

**সমার্থক শব্দ: Word variations (stemming) -** উপযুক্ত শব্দের সমার্থক বা প্রাসঙ্গিক শব্দগুলোকে আদর্শ ধরেও গুগল অনুসন্ধানদানকারী খুঁজে। যথা, for ***pet lemur dietary needs*** খুঁজতে চাইলে ***pet lemur diet needs*** সম্পর্কেও তথ্য বা সংবাদ ফলাফলে প্রদর্শিত হয়।

অন্য আরেকটি উপায় হলো টাইল্ড ("~") প্রতীকের ব্যবহার। সমার্থকসহ মূলশব্দকে কেন্দ্র করে অনুসন্ধান কাজ চালাবে। টাইল্ড প্রতীক শব্দের পূর্বে ও পরে ব্যবহার করতে হবে। যথা, খাদ্যের গুনাগুন, পুষ্টিমান ও রন্ধন কৌশল সম্পর্কে জানার জন্য-

~food ~facts | Google Search

**নেতিবাচক শব্দ: Negative terms -** এমন কোন শব্দ আছে যার দুটি ভিন্ন অর্থ থাকে? এমন শব্দকে মূল ধরে অপ্রাসঙ্গিক শব্দটি বর্জন করে প্রকৃত অর্থ ধরে অনুসন্ধান করা যায় কিভাবে?
মূলশব্দ (bass) – (music) অপ্রাসঙ্গিক, অবাঞ্ছিত, অনাকাঙ্খিত অর্থ।

উদাহরনস্বরূপ, ***bass*** শব্দের দুটি ভিন্ন অর্থ আছে– fishing বা music। অনুসন্ধানকারী যদি মাছ বা নদী সংক্রান্ত যেখানে মাছ আছে সম্পর্কে জানতে চান তবে–

| bass -music | Google Search |
| --- | --- |

*** লক্ষ্যনীয়: মূল শব্দের পর এক স্পেস (space) এক ঘর পরিমান জায়গা খালি রেখে বিয়োগ (-) চিহ্ন বসানো হয়।*

**সর্বশেষে আমি ভাগ্যবান: And finally... "I'm Feeling Lucky" -** সরাসরি প্রাসঙ্গিক বা কাঙ্খিত তথ্য সম্মৃদ্ধ ওয়েব সাইট মেলে ধরবে। ওয়েব সাইটের তালিকা সম্মৃদ্ধ কোন ফলাফল পৃষ্ঠা আসবেনা। যেমন, স্টানফোর্ড নামক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে যেতে চাইলে–


| Stanford | Google Search | I'm Feeling Lucky |
| --- | --- | --- |

**ডোমেইন অনুসন্ধান: Domain search -** কোন নির্দিষ্ট ওয়েব সাইট থেকে সুনির্দিষ্ট বিষয় সম্পর্কে তথ্য জানতে ডোমেইন অনুসন্ধানের মাধ্যমে জানা যায়। যেমন, স্টানফোর্ড বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত তথ্য জানার জন্য নিম্নোক্ত উপায় অবলম্বন করা যায়।

| admission site:w w w .stanford.edu | Google Search |
| --- | --- |

# ফলাফল প্রদর্শনকারী পৃষ্ঠাটি দেখতে কিরকম?

আন্ডারলাইন করা প্রত্যেকটি নীল রঙের লেখা বা শব্দ কাঙ্খিত তথ্য ধারন করে। এগুলোকে হাইপার লিংকড টেক্সট বলে। সর্বপ্রথম লিংক সর্বাধিক প্রাসঙ্গিক এবং গুরুত্বপূর্ণ। দ্বিতীয় লিংকটি দ্বিতীয় সর্বাধিক প্রাসঙ্গিক। আন্ডারলাইন করা লেখায় ক্লিক (মাউস পয়েন্টার দিয়ে একবার চাপ দিলে) করলে কাঙ্খিত তথ্য প্রদর্শিত হবে।




**A. Top links** টপ লিংক: গুগল অনুসন্ধানদানকারী বিভিন্ন সার্ভিস দিয়ে থাকে। ওয়েবে লেখা জাতীয় তথ্য খোঁজা, ছবি বা ফটো খোঁজা, আলোচনার জন্য কোন নির্দিষ্ট দলের খোঁজ করা, অথবা ফ্রুগলের মাধ্যমে দ্রব্যসামগ্রী খুঁজে বের করা।

**B. Google search button** গুগল অনুসন্ধানদানকারী বেতাম: প্রত্যেকটি নতুন অনুসন্ধান চালানোর জন্য এই বোতামে চাপ দিতে হয়। অথবা কিবোর্ড থেকে শুধু এন্টার বোতাম চাপ দিলেও হয়।

**C. Advanced search** অনুসন্ধানের উচ্চতম পর্যায়: কম পরিশ্রমে কার্যক্ষম অনুসন্ধান চালাতে অনুসন্ধানকারীকে উপযুক্ত করে তুলে।

**D. Search field** অনুসন্ধানের ক্ষেত্র: এই বাক্সে উপযুক্ত শব্দ লিখে সার্চ বোতামে চাপ দিতে (অনুসন্ধান) করতে হয়।

**E. Preferences** নিজস্ব পছন্দ: গুগলকে নিজের পছন্দমত সাজানো যায়।

F. **Statistics bar** গুগল কত কম সময়ে কি পরিমান ফলাফল (তথ্য বা ওয়েব) অনুসন্ধানকারীর জন্য জমা করেছে তার পরিসংখ্যান।

**G. Tip** ইন্টারনেটে দক্ষতার সাথে অনুসন্ধানের জন্য কিছু কৌশল।

**H. OneBox results** ফলাফলের ঝুড়ি- অনুসন্ধানের বিষয় সম্মন্ধে বিভিন্ন সংবাদ মাধ্যম ও প্রাসঙ্গিক ঘটনার উৎস সংক্রান্ত।

**I. Page title** ওয়েব পেজ শিরোনাম- অনুসন্ধানে প্রাপ্ত ফলাফল সমূহের প্রত্যেকটির প্রথম বাক্যকে কাঙ্খিত/প্রাসঙ্গিক তথ্য সম্মৃদ্ধ ওয়েবসাইটের শিরোনাম (টাইটেল) বলে। শিরোনামহীন (ওয়েবসাইট )ফলাফলও প্রাসঙ্গিক তথ্য বহন করে, তবে তথ্যগুলো অসম্পূর্ণ হতে পারে।

**J. Text below the title** শিরোনামের নীচে মোটা দাগের লেখা (লিংক) সমূহ- মোটা দাগে অংকিত লেখা সমূহ উক্ত প্রাসঙ্গিক ওয়েবসাইটের বিভিন্ন অধ্যায়ের নাম। গুগল অনুসন্ধান বাক্সে নির্বাচিত শব্দের সাথে এই অধ্যায়গুলো সম্পর্কযুক্ত।

**K. URL of result** কাঙ্খিত তথ্য সম্মৃদ্ধ ওয়েবের ঠিকানা- এই ঠিকানায় প্রবেশ (ব্রাউস) করে কাঙ্খিত তথ্যকে খুঁজে বের করা যেতে পারে।

**L. Size** ভর বা ওজন- ওয়েবসাইটে ধারনকৃত তথ্যের ভর। ভর যত কম হয় তত দ্রুত পড়া যাবে। গুগল-এর কর্মীগন যে ওয়েবসাইটকে তালিকাভুক্ত করেন নি তার ভর প্রদর্শিত হয় না।

**M. Cached** ক্যাশ- উল্লিখিত ওয়েবে প্রবেশ না করা গেলে ক্যাশ বিভাগে খোঁজ করা যেতে পারে।

**N. Similar pages** একই ধরনের আরও তথ্য- এখানে প্রবেশ করলে গুগল আরও গভীর অনুসন্ধানে গিয়ে এই ওয়েবে ধারণকৃত তথ্যের সাথে মিল রেখে আরও প্রাসঙ্গিক তথ্য প্রদর্শন করবে।

**O. Indented result** পরবর্তী ফলাফল- গুরুত্বের দিক থেকে ফলাফল সমূহ উপর হতে নিচের দিকে ক্রমানুযায়ী সাজানো থাকে।

**P. More results** আরও অধ্যায়- ফলাফলে যদি মাত্র এক বা দুইটি অধ্যায় প্রদর্শন করে কিন্তু অনুসন্ধানকারী দুই বা ততোধিক অধ্যায় সম্পর্কে খোঁজ নিতে চাইলে "More results from..." এ প্রবেশ করা যেতে পারে।

*Mohammad Nasirullah*
*Education Officer*
*Relief International-Schools Online*
*Bangladesh Country Office*
*Dhaka, Bangladesh.*
*nasir@schoolsonline.org*